গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মোফাজ্জেল হোসেন<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৭ অক্টোবর ২০১৯ |
| সময় | : | বিকাল ০৩:০০ টা |
| স্থান | : | ৯ম তলার সম্মেলন কক্ষ (৯৩০), রেলভবন, ঢাকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের জন্য রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে কর্তৃক বিভিন্ন কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। উক্ত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং সভার কার্যপত্র উপস্থাপনের জন্য তিনি উপসচিব (প্রশাসন-২)-কে অনুরোধ জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষে রেলপথ মন্ত্রণালয় কর্তৃক রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের জন্য ১৪টি কার্যক্রম (সম্ভাব্য বাজেটসহ) নির্ধারণ করা হয়েছে। জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পর্যালোচনা ও পরীক্ষা করে জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ বিবেচিত প্রস্তাবসমূহ নিয়ে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত কর্মপরিকল্পনার মধ্যে রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট ৩টি কর্মসূচি রয়েছে যথা- (১) ট্রেন জন্মশতবার্ষিকীর লোগো/ট্যাগ লাইন দিয়ে সজ্জিতকরণ; (২) ট্রেনের একটি বগিতে প্রদর্শনীর ব্যবস্থা রাখা এবং (৩) ঢাকা থেকে টুঙ্গিপাড়া বিশেষ ট্রেন (ফ্রি) সার্ভিস চালু করা । এ সকল কর্মসূচির যে সব ক্ষেত্রে বাস্তবায়নের সময়কাল ও স্থান নির্ধারণ করা হয়নি, সেসব ক্ষেত্রে সময়কাল ও স্থান নির্ধারণপূর্বক জাতীয় বাস্তবায়ন কমিটিকে অবহিত করা আবশ্যক মর্মে সভাকে তিনি অবহিত করেন। এছাড়া, জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত রেলপথ মন্ত্রণালয় সংশ্লিষ্ট কর্মসূচিসহ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্দেশনা দেয়া হয়েছে। তিনি আরও বলেন যে, বাংলাদেশ সরকারি প্রেসে প্রকাশিত ডায়েরি, ক্যালেন্ডারসহ স্টেশনারী সামগ্রিতে "জাতির পিতার জন্মশতবার্ষিকীর লোগো" ব্যবহারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে অনুরোধ জানানো হয়েছে।

০৩। আলোচনায় অংশ নিয়ে যুগ্মসচিব (উন্নয়ন-১) সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপন উপলক্ষে রেলপথ মন্ত্রণালয়ের গৃহিত কর্মসূচির অংশ হিসেবে জাতির পিতার ভাস্কর্য/ম্যুরাল এবং রেল স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার তৈরির নিমিত্ত গঠিত কমিটিতে তাকে আহবায়ক হিসেবে দায়িত্ব দেয়া হয়েছে। জাতির পিতার ভাস্কর্য/ম্যুরাল এবং রেল স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার তৈরির লক্ষ্যে নকশা প্রণয়ন করা প্রয়োজন এবং ভাস্কর্য/ম্যুরাল কোন ধরণের উপদান দিয়ে তৈরি করা হবে তা নির্ধারণ করা প্রয়োজন। ভাস্কর্য/ম্যুরাল-এর নকশা তৈরির বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইন্সটিটিউটসহ বিশিষ্ট ব্যক্তিদের সাথে তার আলোচনা হয়েছে।

০৪। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে সভায় বলেন যে, স্মরণিকা প্রকাশ উপ-কমিটির কার্যক্রম চলমান রয়েছে। যথাসময়ে স্মরণিকা প্রকাশ করা হবে। রেলওয়ের ইতিহাস তুলে ধরার জন্য রেলওয়ের যে সকল প্রাক্তন কর্মকর্তাগণ লেখা-লেখি করেন তাদের নিকট হতে তথ্য সংগ্রহ করা হচ্ছে।

০৫। আলোচনায় অংশ নিয়ে যুগ্মমহাপরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে সভায় জানান যে, জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষে জন্মশতবার্ষিকীর লোগো/ট্যাগ লাইন দিয়ে একটি মিটারগেজ ও একটি ব্রডগেজ র‌্যাক সজ্জিত করে সারা বছরব্যাপি দু'টি গুরুত্বপূর্ণ আন্ত:নগর রুটে চলাচল করবে। তাছাড়া, একটি ব্রডগেজ ও একটি মিটার গেজ কোচে বিশেষ ইন্টেরিয়র ডিজাইনসহ প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে, যা সারা বছরব্যাপি বিভিন্ন স্টেশনে ২/৩ দিনের জন্য স্থাপন করে প্রদর্শন করতে হবে। এ সজ্জিত কোচ দু'টি জন্মশতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ স্কাউটস কর্তৃক আয়োজিত জাম্বুরী অন ট্রেনের সাথে সংযুক্ত করা যেতে পারে।

০৬। সভাপতি সভায় বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য গৃহিত কর্মসূচি যথাসময়ে ও যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। তিনি জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত ৩টি সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত একটি উপ-কমিটি গঠন করার প্রস্তাব করেন। এছাড়া, জাতির পিতার জন্মদিনে ঢাকা থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত বিশেষ ট্রেন সার্ভিস (ফ্রি) চালু করা এবং জাতির পিতার জীবনী নিয়ে যে সকল বই প্রকাশ করা হয়েছে সে সকল বইসহ রেলওয়ের ইতিহাস-ঐতিহ্যের স্মৃতিময় বিষয়গুলো প্রদর্শনের নিমিত্ত একটি ব্রডগেজ ও একটি মিটারগেজ কোচের বাইরের অংশের ডিজিটাল ডিসপ্লে করা এবং ভিতরের অংশে লাইব্রেরীর মত সেলফ তৈরি করে উক্ত প্রকাশনা/বই দিয়ে সাজিয়ে সিডিউল ভিত্তিক প্রতিটি স্টেশনে একদিন বা দুই দিন করে প্রদর্শনের ব্যবস্থা নেয়া যেতে পারে। তিনি প্রতিটি প্রধান রুটে ১টি করে আন্ত:নগর ট্রেনে/র‍্যাক জন্মশতবার্ষিকীর ট্যাগ লাইন দিয়ে সজ্জিত করার জন্য নির্দেশনা দেন।

০৭। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

(ক) জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত ৩টি কর্মসূচি যথা- (১) ট্রেন জন্মশতবার্ষিকীর লোগো/ট্যাগ লাইন দিয়ে সজ্জিতকরণ; (২) ট্রেনের একটি বগিতে প্রদর্শনীর ব্যবস্থা রাখা; এবং (৩) ঢাকা থেকে টুঙ্গিপাড়া বিশেষ ট্রেন (ফ্রি) সার্ভিস চালু করার বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি উপ-কমিটি গঠন করা হয়ঃ

<u>উপ-কমিটি:</u>

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়................................ | সভাপতি |
| ২. | যুগ্মমহাপরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে .................................. | সদস্য |
| ৩. | যুগ্মমহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে ...................................... | সদস্য |
| ৪. | পুলিশ সুপার, ঢাকা রেলওয়ে বিভাগ, রেলওয়ে পুলিশ ...................................... | সদস্য |
| ৫. | সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-১/সংযুক্ত রেলওয়ে অপারেশন), রেলপথ মন্ত্রণালয়... | সদস্য-সচিব |

<u>উপ-কমিটির কর্মপরিধি:</u>

(১) প্রতিটি রুটের অন্তত: ১টি করে আন্ত:নগর ট্রেন/র‍্যাক জন্মশতবার্ষিকীর ট্যাগ লাইন দিয়ে সজ্জিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

(২) জাতির পিতার জীবনী নিয়ে যে সকল বই প্রকাশ করা হয়েছে সে সকল বইসহ রেলওয়ের ইতিহাস-ঐতিহ্যের স্মৃতিময় বিষয়গুলো প্রদর্শনের নিমিত্ত একটি মিটারগেজ ও একটি ব্রডগেজ কোচের বাইরের অংশের ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা এবং ভিতরের অংশে লাইব্রেরীর মত সেলফ তৈরি করে উক্ত প্রকাশনা/বই দিয়ে সাজাতে হবে;

(৩) সজ্জিত কোচদ্বয় মুজিব বর্ষব্যাপি প্রদর্শনের জন্য একটি সিডিউল তৈরি করে বাংলাদেশ স্কাউটস কর্তৃক আয়োজিত জাম্বুরী অন ট্রেনের সাথে সংযুক্ত করে দেশের গুরুত্বপূর্ণ স্টেশনে ২/৩ দিন রেখে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(৪) জাতির পিতার জন্মদিনে ঢাকা থেকে টুঙ্গিপাড়া পর্যন্ত বিশেষ ট্রেন সার্ভিস (ফ্রি) চালু করার নিমিত্ত যাবতীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

(৫) আনুষঙ্গিক অন্যান্য কার্যাদি; এবং

(৬) কমিটি প্রয়োজনে মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের উপযুক্ত যেকোন কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

(খ) জাতির পিতার ভাস্কর্য/ম্যুরাল এবং রেল স্টেশনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের কার্যক্রমসহ রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত কর্ম-পরিকল্পনা সুষ্ঠুভাবে ও যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মোফাজ্জেল হোসেন)
সচিব

নং-৫৪.০০.০০০০.০০৮.২৩.০১৫.১৯-৬২৫

তারিখ: ২৬ কার্তিক ১৪২৬
১১ নভেম্বর ২০১৯

**বিতরণ (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):**

১. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/অডিট ও আইসিটি/বাজেট ও পরিবীক্ষণ), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৩. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, কমলাপুর, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫. অতিরিক্ত মহাপরিচালক (আরএস/আই/এমএন্ডসিপি/অপা:), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৬. মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী।
৭. সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৮. প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৯. রেক্টর, রেলওয়ে প্রশিক্ষণ একাডেমি, চট্টগ্রাম।
১০. সিএসটিই (টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১১. যুগ্মমহাপরিচালক (মেকানিক্যাল/অপারেশন),বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
১২. পুলিশ সুপার, ঢাকা রেলওয়ে বিভাগ, রেলওয়ে পুলিশ, ঢাকা।
১৩. উপসচিব (আইন-২), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপকমিটি।
১৪. উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, ভাস্কর্য/ম্যুরাল ও বঙ্গবন্ধু কর্ণার তৈরি উপকমিটি।
১৫. উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় উপকমিটি।
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭. সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-১/সংযুক্ত রেলওয়ে অপারেশন), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
১৮. পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে ও সদস্য-সচিব, রেলওয়ে জাম্বুরী আয়োজন উপ-কমিপি।
১৯. উপ-পরিচালক (সংস্থাপন-২), বাংলাদেশ রেলওয়ে ও সদস্য-সচিব, স্মরণীকা প্রকাশ উপ-কমিটি।
২০. সিনিয়র তথ্য অফিসার, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা ও সদস্য-সচিব, প্রচার-প্রচারণা উপকমিটি।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

(আলতাফ হোসেন সেখ)
উপসচিব